

ফতওয়া নং ৩৫৬

প্রশ্ন:

মাননীয় মুফতী সাহেব আমার জানার বিষয় হলো ফজরের ফরজ নামাজের পর ফজরের সুন্নত নামায পড়া যাবে কি ?

উত্তর:

ফজরের ফরয নামাযের পর ইশরাকের সময় হওয়ার আগ পর্যন্ত ফজরের সুন্নত নামায পড়া যাবে না। ইশরাকের সময় হওয়ার পর যাওয়ালের আগ পর্যন্ত সময়ের মধ্যে ইমাম মুহাম্মদ (রঃ) এর মত অনুযায়ী পড়ার অনুমতি আছে। তবে জরুরী নয়। (মাসাইলে নামায কা ইনসাইক্লোপেডিয়া ৩/১৭৬)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১৫ শে শাওয়াল, ১৪৪৫ হিজরী (25/04/2024)